# আপনার বার্ষিক Medicare পর্যালোচনা

Medicare ওপেন এনরোলমেন্ট
অক্টোবর 15 – ডিসেম্বর 7



Medicare

## ওপেন এনরোলমেন্ট 15 অক্টোবর – 7 ডিসেম্বর

ওপেন এনরোলমেন্ট হল আপনার Medicare স্বাস্থ্য বা ওষুধের আওতাভুক্তি পর্যালোচনা করা এবং আপনি কোন পরিবর্তন করতে চান কিনা তা সিদ্ধান্ত নেওয়ার সময়। আপনার Medicare-এর খরচ, সুবিধা এবং পরিষেবা প্রদানকারীরা প্রতি বছরই পরিবর্তিত হতে পারে। আপনার অপশনসমূহ তুলনা করলে আপনি আরও ভাল আওতাভুক্তি পেতে বা অর্থ সাশ্রয় করতে পারেন।

আপনার মেডিকেয়ার পাওয়ার ২টি প্রধান উপায় রয়েছে:

- **মূল** Medicare: পার্ট A (হসপিটাল ইনস্যুরেন্স) এবং পার্ট B (মেডিকেল ইনস্যুরেন্স)। আপনার কাছে ওষুধের আওতাভুক্তি (পার্ট D) পেতে একটি পৃথক Medicare ড্রাগ প্ল্যান-এ যোগদানের ব্যবস্থাও রয়েছে।
- Medicare **অ্যাডভান্টেজ (পার্ট** C): বেসরকারি কোম্পানিগুলোর Medicare-অনুমোদিত পরিকল্পনা, যা আপনার পার্ট A, পার্ট B এবং সাধারণত পার্ট D একসাথে বান্ডল করে।

ওপেন এনরোলমেন্টের সময়, আপনি একটি Medicare অ্যাডভান্টেজ প্ল্যান বা Medicare ড্রাগ প্ল্যানে যোগদান, পরিবর্তন বা ত্যাগ করতে পারেন, মূল Medicare-এ সুইচ করতে পারেন, অথবা আপনার বর্তমান আওতাভুক্তি রেখে দিতে পারেন। **আপনি যদি আপনার অপশনসমূহ পর্যালোচনা করে থাকেন এবং আপনার বর্তমান আওতাভুক্তিতে সন্তুষ্ট হন, তবে আপনাকে কিছু করার দরকার নেই (আপনার আওতাভুক্তি স্বয়ংক্রিয়ভাবে অব্যাহত থাকবে)।**

## Medicare সাপ্লিমেন্ট ইন্স্যুরেন্স (Medigap) আছে কি?

আপনার যদি ইতিমধ্যে Medigap থাকে এবং আপনি Medicare অ্যাডভান্টেজ প্ল্যানে যোগদান করেন, তবে আপনি Medigap ব্যবহার বাতিল করার সিদ্ধান্ত নিতে পারেন। আপনার স্টেটের Medigap-এ তালিকাভুক্তির নিয়ম এবং আপনার পরিস্থিতির উপর নির্ভর করে, পরবর্তীতে আপনি Medigap-এর একই পলিসি পুনরায় পেতে নাও পারেন।

## আমি কীভাবে শুরু করতে পারি?

1. আপনার বর্তমান পরিকল্পনা থেকে আপনি যে কোনো তথ্য পান, যার মধ্যে “Annual Notice of Change” চিঠি অন্তর্ভুক্ত, 2027 সালে খরচ ও সুবিধা কীভাবে পরিবর্তিত হতে পারে তা জানার জন্য এটি পর্যালোচনা করুন।
2. আপনার এলাকার পরিকল্পনার তালিকার জন্য Medicare.gov/plan-compare দেখুন অথবা আপনার “Medicare & You” হ্যান্ডবুকের সর্বশেষ সংস্করণ দেখুন। আপনি এমন পরিকল্পনা খুঁজে পেতে পারেন যা:
    - সাশ্রয়ী
    - আপনার প্রেসক্রিপশন ওষুধ যার আওতাভুক্ত
    - যেগুলোর নেটওয়ার্কে আপনার ডাক্তার বা ফার্মেসির মতো পছন্দের পরিষেবা প্রদানকারীরা অন্তর্ভুক্ত আছে
    - আপনার জন্য গুরুত্বপূর্ণ অতিরিক্ত সুবিধা প্রদান করে

## Medicare.gov/plan-compare ব্যবহার করুন:

- Medicare-এর পরিকল্পনাসমূহ পাশাপাশি তুলনা করতে
- আপনার মোট নিজস্ব ব্যয়ের অনুমান পেতে
- পরিকল্পনার বর্তমান সদস্যদের গুণগতমান ও গ্রাহক পরিষেবার রেটিং খুঁজে পেতে
- আপনার পছন্দের ফার্মেসি এবং আপনি যে ধরণের প্রেসক্রিপশন ওষুধ গ্রহণ করেন, তার জন্য পছন্দসই আওতাভুক্তি ও খরচ সংক্রান্ত তথ্য পেতে
- আপনি যেসব পরিকল্পনা বিবেচনা করছেন, সেগুলোর নেটওয়ার্কে আপনার ডাক্তার ও অন্যান্য পরিষেবা প্রদানকারীরা অন্তর্ভুক্ত কিনা তা অনুসন্ধান করে জানতে।

## আমি কীভাবে পরিকল্পনায় যোগদান বা পরিবর্তন করতে পারি?

- আপনি যে পরিকল্পনায় যোগ দিতে চান, সেটির জন্য Medicare.gov/plan-compare এ “Enroll” নির্বাচন করুন।
- পরিকল্পনার ওয়েবসাইটে যান অথবা সরাসরি তাদের ফোন করুন। আপনি একটি কাগজের ফর্ম চেয়ে নিতে পারেন, তা পূরণ করে ডাকযোগে ফেরত পাঠাতে পারেন। পরিকল্পনা বরাবর 7 ডিসেম্বরের মধ্যে আপনার নিবন্ধন ফর্মটি পৌছাতে হবে।

ওপেন এনরোলমেন্টের সময়, আপনি Medicare এর পণ্য সরবরাহকারী কোম্পানিগুলোর কাছ থেকে অনেক চিঠি পেতে পারেন। মনে রাখবেন, Medicare.gov, “Medicare & You” হ্যান্ডবুক, এবং 1-800-MEDICARE (1-800-633-4227) আপনার Medicare সংক্রান্ত নিরপেক্ষ তথ্যের অফিসিয়াল উৎস।

## আমি পরিকল্পনা তুলনা করতে কোথায় সহায়তা পেতে পারি?

- 1-800-MEDICARE (1-800-633-4227) **নম্বরে কল করুন।** TTY **ব্যবহারকারীরা** 1-877-486-2048 **নম্বরে কল করতে পারেন।** আমরা 24 ঘন্টা, সাপ্তাহিক ছুটির দিন সহ আপনাদের সহায়তায় প্রস্তুত। আপনার যদি ইংরেজি বা স্প্যানিশ ছাড়া অন্য কোনো ভাষায় সহায়তা প্রয়োজন হয়, তবে দয়া করে গ্রাহক পরিষেবা প্রতিনিধিকে জানান।
- **হেলথ ইনস্যুরেন্স সংক্রান্ত পরামর্শের জন্য আপনার স্টেট হেলথ ইনস্যুরেন্স অ্যাসিস্টেন্স প্রোগ্রাম** (SHIP)-**এ কল করুন।** আপনার নিকটস্থ SHIP-এর ফোন নম্বর পেতে shiphelp.org এ যান।

## আমি কীভাবে আমার Medicare সংক্রান্ত খরচ পরিশোধে সহায়তা পেতে পারি?

আপনার Medicare প্রিমিয়াম এবং অন্যান্য খরচ পরিশোধে সহায়তা করতে পারে এমন প্রোগ্রামগুলি সম্পর্কে জানতে Medicare.gov/basics/costs/help দেখুন। এই প্রোগ্রামগুলোর কিছু হল:

- **অতিরিক্ত সহায়তা**: সীমিত আয় ও সম্পদযুক্ত ব্যক্তিদের Medicare-এর ওষুধের আওতাভুক্তি (পার্ট D) এর জন্য অর্থ পরিশোধে সহায়তা করে। আবেদন করতে SSA.gov/extrahelp ভিজিট করুন।
- Medicare **সঞ্চয় প্রোগ্রাম**: সীমিত আয় এবং সম্পদযুক্ত ব্যক্তিদের জন্য পার্ট A এবং/অথবা পার্ট B প্রিমিয়াম এবং অন্যান্য খরচ এর আওতাভুক্ত।

## Medicare সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখগুলি

### 1 অক্টোবর—ওপেন এনরোলমেন্টের জন্য প্রস্তুত হন

আপনার বর্তমান পরিকল্পনা থেকে পরের বছরের ব্যয় ও সুবিধার পরিবর্তন সংক্রান্ত যেকোনো নোটিশ পর্যালোচনা করুন। তারপর, আপনি আপনার চাহিদা পূরণকারী পরিকল্পনাগুলি Medicare.gov/plan-compare-এ খুঁজে পেতে এবং তুলনা করতে পারেন। আপনি অর্থ সাশ্রয় করতে পারেন অথবা অতিরিক্ত সুবিধা পেতে পারেন।

### অক্টোবর 15—ওপেন এনরোলমেন্ট শুরু হয়

আপনি পরের বছরের জন্য আপনার স্বাস্থ্য ও ওষুধ কভারেজে পরিবর্তন করতে পারেন। আপনি Medicare অ্যাডভান্টেজ প্ল্যান বা Medicare ড্রাগ প্ল্যান-এ যোগদান, পরিবর্তন বা বাতিল করতে পারেন অথবা মূল মেডিকেয়ারে ফিরে যেতে পারেন।

### ডিসেম্বর 7—ওপেন এনরোলমেন্ট শেষ হয়

বেশিরভাগ ক্ষেত্রে, এটি শেষ দিন যখন আপনি পরের বছরের জন্য আপনার Medicare-এর আওতাভুক্তি পরিবর্তন করতে পারেন। একটি স্বাস্থ্য অথবা ওষুধ পরিকল্পনা বরাবর আপনার তালিকাভুক্তির ফর্ম পৌছাতে হবে ডিসেম্বর 7 তারিখের মধ্যে।

### 1 জানুয়ারি—নতুন আওতাভুক্তি শুরু

আপনি যদি নতুন কোনো স্বাস্থ্য বা ওষুধ পরিকল্পনায় পরিবর্তন করেন, আপনার **নতুন** আওতাভুক্তি 1 জানুয়ারি থেকে শুরু হবে। আপনি যদি আপনার বর্তমান আওতাভুক্তি বজায় রাখেন, তবে নতুন বছরের জন্য সুবিধা বা খরচের যে কোনও পরিবর্তনও 1 জানুয়ারি থেকে কার্যকর হবে।

## আমি কি 1 জানুয়ারি পরে আওতাভুক্তি পরিবর্তন করতে পারি?

যদি আপনি Medicare অ্যাডভান্টেজ প্ল্যান-এ থাকেন, তবে আপনার জানুয়ারি 1 থেকে মার্চ 31 পর্যন্ত ওষুধের আওতাভুক্তি সহ বা একটি পৃথক Medicare ড্রাগ প্ল্যানে যোগদানের বিকল্পসহ মূল Medicare-এ পরিবর্তন করার সুযোগ থাকবে। মেডিকেয়ার ড্রাগ প্ল্যান। আপনি যে কোনো পরিবর্তন করবেন, তা পরিকল্পনা আপনার তালিকাভুক্তির ফর্ম পাওয়ার পরের মাসের প্রথম দিন থেকে কার্যকর হবে।

এখনই ডিজিটাল হয়ে যান! ডাকযোগে কাগজের কপি পাওয়ার অপেক্ষা না করে, আপনার Medicare সংক্রান্ত সারাংশের নোটিশ, “Medicare & You” হ্যান্ডবুক এবং আরও অনেক কিছু একটি নিরাপদ স্থানে অ্যাক্সেস করতে আপনার Medicare অ্যাকাউন্টে Medicare.gov লগ ইন করুন (বা তৈরি করুন)।

DEPARTMENT OF HEALTH & HUMAN SERVICES · USA

**Medicare**

আপনার Medicare সংক্রান্ত তথ্য সহজে ব্যবহারযোগ্য ফরম্যাটে, যেমন বড় অক্ষরে মুদ্রিত, ব্রেইল, বা অডিও হিসেবে পাওয়ার অধিকার আছে। আপনার যদি মনে হয় আপনার প্রতি বৈষম্য করা হয়েছে, তাহলে আপনি অভিযোগ দায়ের করার অধিকারও রাখেন। আরো তথ্যের জন্য **Medicare.gov/about-us/accessibility-nondiscrimination-notice** ভিজিট করুন অথবা 1-800-MEDICARE (1-800-633-4227) নম্বরে কল করুন। TTY ব্যবহারকারীরা 1-877-486-2048 নম্বরে কল করতে পারেন।

এই পণ্যটি মার্কিন করদাতাদের খরচে সরবরাহ করা হয়েছে।

CMS Product No. 11220 –BEN (Bengali) • September 2026